



মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ইনোভেশন টিমের  
২০২১-২০২২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	ডাঃ মোঃ সারোয়ার বারী পরিচালক মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর
তারিখ	:	২১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ
সময়	:	বেলা ১২.৩০ ঘটিকা
স্থান	:	মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের সভা কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট- 'ক'

সভাপতি ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিস্টেম এনালিস্ট জনাব শংকর ভৌমিক সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি জানান যে, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী 'মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরে প্রাপ্ত মুদ্রণ সংক্রান্ত সেবাটি' সহজিকরণের আদেশ জারি করা হয়েছে। তাছাড়া অধিদপ্তরধীন বাংলাদেশ স্টেশনারী অফিসের উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের জন্য ০৮ (আট)টি আঞ্চলিক অফিসে ই-ইনভেনটরি সিস্টেম সেবাটি চালুর আদেশ জারি করা হয়েছে। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা [২.২.৫]-এ দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ নির্ধারিত ৩০/০৫/২০২২ তারিখের মধ্যে পরিদর্শন করতে পারলে কর্মসম্পাদন সূচকের পূর্ণনম্বর পাওয়া যাবে। সে মোতাবেক এ অধিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন এবং ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনা শেষে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩। মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( ডাঃ মোঃ সারোয়ার বারী )

পরিচালক

(যুগ্মসচিব)

ফোন-৫৫০৩০০২৮

director@dpp.gov.bd